



সম্ভাব্য দুর্যোগপূর্ণ আবহাওয়ার প্রেক্ষিতে বিশেষ কৃষি আবহাওয়া বিষয়ক পরামর্শ

(খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, ভোলা, বরিশাল, কক্সবাজার, নোয়াখালী, বরগুনা, পটুয়াখালী, চট্টগ্রাম, বান্দরবান, ঝালকাঠি, চাঁদপুর, পিরোজপুর ও ফেনী জেলার জন্য প্রযোজ্য)

প্রকাশের তারিখ : ৬ নভেম্বর ২০১৯

১. আমন ধান ৮০% পরিপক্ব হলে দ্রুত সংগ্রহ করে ফেলুন।
২. নিরাপদ স্থানে কর্তিত ফসল সরিয়ে নিতে না পারলে, জমিতে কাটা ফসলের গাদা তৈরি করুন এবং পলিথিন দিয়ে ঢেকে রাখুন যাতে প্রবল বাতাস এবং ভারী বৃষ্টিপাতের কারণে ক্ষতি না হয়।
৩. যত তাড়াতাড়ি সম্ভব পরিপক্ব সবজি ও ফল সংগ্রহ করুন।
৪. সেচ নালা পরিষ্কার রাখুন যাতে ফসলের জমিতে পানি জমে না থাকে।
৫. জমির আইল উঁচু করে দিন যাতে পানির স্রোতে দণ্ডায়মান ফসল ক্ষতিগ্রস্ত না হয়।
৬. সেচ, সার, বালাইনাশক প্রয়োগ বন্ধ রাখুন।
৭. বোরো বীজতলা তৈরি এবং সরিষা, ভুট্টা, ডাল, আলু ইত্যাদি বপন বন্ধ রাখুন।
৮. খামারের সমস্ত পণ্য নিরাপদ স্থানে রাখুন।
৯. আখের দণ্ডায়মান ঝাড় বেঁধে রাখুন, ফল গাছ বিশেষ করে কলা গাছের জন্য খুঁটির ব্যবস্থা করুন।
১০. পুকুরের চারপাশে জাল দিয়ে ঘিরে রাখুন যাতে ভারী বৃষ্টির কারণে মাছ বের হয়ে যেতে না পারে।
১১. গবাদি পশু এবং হাঁস-মুরগি নিরাপদ এবং শুকনো জায়গায় রাখতে হবে।
১২. মৎস্যজীবীদের সমুদ্র গমন থেকে বিরত থাকার জন্য পরামর্শ দেয়া হলো।